

**প্রকৌশল বিশ্ববিদ্যালয়
প্রশাসনকে অচিরেই
ঢেলে সাজানো হবে**

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ শাহজাহান সেশন ছুট দূর করার ওপর গুরুত্বারোপ করে বলেছেন; শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে সেশন ছুট দূর করা সম্ভব। এজন্য কার্যকর পদক্ষেপ গ্রহণসহ শিক্ষা প্রশাসনে গতিশীলতা আনয়ন করতে হবে।

তিনি গত বুধবার বিকেলে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল ভবনের সেমিনার কক্ষে বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশনের এক অনুষ্ঠানে বক্তৃতা করছিলেন। উপাচার্য অধ্যাপক শাহজাহান আরো বলেন, প্রয়োজনীয় সংস্কার ও পুনর্বিন্যাস সাধন করে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনকে অচিরেই ঢেলে সাজানো হবে। তিনি প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য ও সুনাম অক্ষুণ্ণ রাখার ব্যাপারে আরো দায়িত্বশীল ও কর্তব্যপরায়ণ হওয়ার জন্য অফিসারদের প্রতি আহবান জানান। অনুষ্ঠানে আরো বক্তৃতা করেন অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মোঃ জহুরুল ইসলাম এবং মোঃ আজহারুল আলী। - প্রেস বিজ্ঞপ্তি।